ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নিজস্বতা রক্ষা, বিশ^বিদ্যালয়ের একাডেমিক মান সমুন্নত রাখা ও নিপীড়নের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবিতে সংবাদ সম্মেলন করেছেন ঢাকা বিশ^বিদ্যালয়ের নিপীড়নবিরোধী শিক্ষকরা। অন্যদিকে, সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলা ও শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদে মানববন্ধন করেছে ঢাবি শিক্ষার্থীরা। একই দাবিতে বিশ^বিদ্যালয়ের উপাচার্য বরাবর স্মারকলিপি দিয়েছেন নিপীড়নবিরোধী শিক্ষার্থীরা। এদিকে, মোবাইলে অডিও বার্তা পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. একেএম গোলাম রব্বানীকে প্রাণনাশের হুমকি দেয়া হয়েছে।

নিপীড়নবিরোধী শিক্ষকদের সংবাদ সম্মেলন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. সামিনা লুৎফা বলেন, কোটা সংস্কার আন্দোলনকারী শিক্ষার্থীরা নিজেদের ইচ্ছামতোই করেছে। কিন্তু যখন তারা ছাত্রলীগের আক্রমণের শিকার হলো, তখন শিক্ষক হিসেবে আমাদের দায়িত্ব তাদের পাশে দাঁড়ানো। কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের ওপর যখন হামলা হয়েছে, তখন আমরা শিক্ষার্থীদের পাশে দাঁড়াতে বাধ্য

কথা রাখোন ব্যাংক মালিকদের সংগঠন

**অধিকাংশ ব্যাংক কমায়নি সুদের হার**

সরকারের দুর্বল নীতির প্রতিফলন

সিঙ্গেল ডিজিট বা ৯ শতাংশ সুদে ঋণ দেয়ার সিদ্ধান্ত অনেক ব্যাংক এখনও কার্যকর করেনি। আবার যেসব ব্যাংক কমিয়েছে, তারা সব ক্ষেত্রে ৯ শতাংশে

**মুক্তিযোদ্ধা কোটার বিরুদ্ধেই সাম্প্রতিক আন্দোলন : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সাম্প্রতিক কোটাবিরোধী আন্দোলন প্রচ্ছন্নভাবে সরকারি চাকরিতে

**জমকালো বর্ণিল আয়োজনে বিশ্বচ্যাম্পিয়নদের বরণ**



বিশ্বচ্যাম্পিয়নরা দেশে ফিরেছেন, প্যারিসে ছিল সাজ সাজ রব। চারদিক শুধু লাল-সাদা-নীল রঙয়ের ছড়াছড়ি।

কোটা আন্দোলনকারী ছাত্রীকে ধর্ষণের হুমকি

**বিচারের দাবিতে জাবিতে মানববন্ধন**

হয়েছি। কিন্তু শিক্ষার্থীদের পাশে দাঁড়াতে গিয়ে আমরাও লাঞ্ছনার শিকার হয়েছি। আমাদের বিভিন্ন ব্লেম দেয়া হয়েছে, গালাগাল দেয়া হয়েছে। তাই ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার্থীরাই শুধু নয়, আমরাও নিরাপত্তাহীনতায় ভুগছি।

গতকাল বেলা সাড়ে ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের (টিএসসি) শিক্ষক লাউঞ্জে এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। শহীদ মিনারে শান্তিপূর্ণ সমাবেশে শিক্ষার্থী নিপীড়ন ও শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিপীড়নবিরোধী শিক্ষকবৃন্দ এ সংবাদ সম্মেলনের আয়োজন করে। সংবাদ সম্মেলনে ড. সামিনা লুৎফা লিখিত বক্তব্য পাঠ করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন ঢাবির গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. ফাহমিদুল হক, সহযোগী অধ্যাপক ড. মো. আব্দুর রাজ্জাক খান, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহযোগী অধ্যাপক তানজীমউদ্দিন খান, অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক রুশাদ ফরিদী প্রমুখ।

সংবাদ সম্মেলনে এ সময় ড. সামিনা লুৎফা নিপীড়নবিরোধী শিক্ষকদের পক্ষে কর্মসূচি ঘোষণা করেন। এগুলো হলোÑ আগামী বৃহস্পতিবার সকাল ১১টায় অপরাজেয় বাংলার পাদদেশে শিক্ষকদের সংহতি সমাবেশ; ২৩ জুলাই

## ও উপাচার্যকে স্মারকলিপি

পাল্টা মানহানির মামলা করার সিদ্ধান্ত তিন ছাত্রলীগ নেতার



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীকে ধর্ষণের হুমকির প্রতিবাদ ও ধর্ষণের হুমকিদাতা ছাত্রলীগের নেতাকর্মীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন

## ১৩ শিক্ষা কর্মকর্তা বদলি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের (মাউশি) কয়েকজন উপ-পরিচালকসহ ১৩ শিক্ষা কর্মকর্তাকে বদলি করেছে শিক্ষা মন্ত্রণালয়। এসব কর্মকর্তা

ভোল্টে রাক্ষিত স্বর্ণের মান নিয়ে প্রশ্ন

## ভুল বোঝাবুঝির কারণে নিরীক্ষার সঙ্গে পার্থক্য দেখা দেয়

সংবাদ সম্মেলনে বাংলাদেশ ব্যাংক

ভোল্টে রক্ষিত স্বর্ণ অক্ষত ও সঠিক রয়েছে বলে জানিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। একটা ভুল বোঝাবুঝির কারণে শুল্কগোয়েন্দাদের নিরীক্ষার সঙ্গে স্বর্ণের মানে বড়

## নারী মুক্তিযোদ্ধার স্বীকৃতি পেলেন ৩৮

কলাভবনের সামনের বটতলায় নিপীড়নবিরোধী সাংস্কৃতিক অনুষ্ঠান; ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কাছে শিক্ষক লাঞ্ছনার পরিপ্রেক্ষিতে পদক্ষেপ গ্রহণ করার জন্য অবিলম্বে পত্র প্রেরণ এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্বতা রক্ষা, একাডেমিক মান সমুন্নত রাখা ও নিপীড়নের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের কাছে সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের নিপীড়নবিরোধী শিক্ষকদের উদ্যোগে শীঘ্রই স্মারকলিপি প্রদান।

ড. সামিনা লুৎফা বলেন, শহীদ মিনারে ছাত্রলীগের লাঞ্ছনার শিকার আমরা পাঁচজন শিক্ষক আজকেই (গতকাল) শিক্ষকদের লাঞ্ছনা এবং শিক্ষার্থীদের ওপর হামলার বিষয়ে অবহিত করে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে অবহিত করে চিঠি দিব। শিক্ষক সমিতি আমাদের সহায়তা করছে না এজন্যই আমরা তাদের কাছে শিক্ষক লাঞ্ছনার পরিপ্রেক্ষিতে পদক্ষেপ গ্রহণ করার জন্য পত্র প্রেরণ করব। ক্যাম্পাসে শিক্ষার্থীরাই শুধু নয়, আমরাও নিরাপত্তাহীনতায় ভুগছি। নিরাপত্তাহীনতার কারণেই আমাদের এসব দাবি জানাতে হচ্ছে, কর্মসূচি দিতে হচ্ছে। তিনি বলেন, শিক্ষার্থীরা নিপীড়িত হয়েছে দেখেই আমরা তাদের পাশে এসে দাঁড়িয়েছি। এর আগে কোটা সংস্কার আন্দোলন শিক্ষার্থীরা নিজেদের ইচ্ছামতোই করেছে। কিন্তু যখন তারা

## বীরাঙ্গনা

একাত্তরে পাকিস্তানি বাহিনী ও তার দোসরদের হাতে নির্যাতিত আরও ৩৮ জন বীরাঙ্গনা নারী মুক্তিযোদ্ধার স্বীকৃতি পেয়েছেন। জাতীয় মুক্তিযোদ্ধা

---

মাইক্রোবাসের গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে ৩ জন নিহত

## ‘মেয়ে তো ফিরে এলো কিন্তু লাশ হয়ে’



‘মেয়ে তো ফিরে এলো, কিন্তু লাশ হয়ে। কত কষ্টে এই মেয়েকে মানুষ করেছি। একমাত্র আল্লাহ ছাড়া আর কেউ জানে না। ঈদের দিন বিকাল থেকে মেয়ে

---

বারশাল

## দু’দলের নেতাদের পদচারণায় মুখর নগরী

বরিশাল সিটি নির্বাচনী প্রচারণায় সকাল থেকে রাতঅবধি প্রার্থী ও কর্মীিসমর্থকরা রাস্তায় রাস্তায় ঘুরে ভোটারদের কাছে নিজ নিজ প্রার্থীর পক্ষে ভোট

---

রাজশাহী

## বিএনপির পথসভায় বোমা বিস্ফোরণে আহত ২

রাজশাহীতে বিএনপির প্রার্থীর পথসভায় বোমা হামলা হয়েছে। এ ঘটনায় একজন সাংবাদিকসহ

আক্রমণের শিকার হলো, তখন শিক্ষক হিসেবে আমাদের দায়িত্ব তাদের পাশে দাঁড়ানো। কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে যখন হামলা হয়েছে, তখন আমরা শিক্ষার্থীদের পাশে দাঁড়াতে বাধ্য হয়েছি।

সংবাদ সম্মেলনে তানজীমউদ্দিন খান বলেন, কেন্দ্রীয় শহীদ মিনারের পাশে যখন শিক্ষকদের লাঞ্ছনা এবং শিক্ষার্থীদের ওপর হামলা করা হয়, তার আগেই সমাবেশের পূর্বে আমরা বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের সঙ্গে যোগাযোগের চেষ্টা করছিলাম। কিন্তু তার সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি। হামলা ও লাঞ্ছনার পরে তার সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়। শিক্ষার্থীদের ক্লাস বর্জনে শিক্ষকরা কোন ইন্ধন দিচ্ছে না উল্লেখ করে তিনি বলেন, শিক্ষার্থীরা স্বাধীন। তাই যার ইচ্ছা হবে সে ক্লাস করবে, যার ইচ্ছা হবে না, সে করবে না। আমরা আমাদের কাজ করে যাচ্ছি। তাদের ক্লাস বর্জনে আমরা কোন সমর্থন বা ইন্ধন দিচ্ছি না।

ড. ফাহমিদুল হক বলেন, আমরা যখন প্রক্টরের সঙ্গে যোগাযোগের চেষ্টা করি, তখন আমাদের বলা হলো আমরা কেন সমাবেশ করার আগে অনুমতি নিলাম না। বিশ্ববিদ্যালয়ের ৭৩'র অধ্যাদেশের কোথাও ক্যাম্পাসে সমাবেশ করার জন্য অনুমতি নিতে হবে, এমনটা বলা আছে বলে মনে হয় না। কেন্দ্রীয় শহীদ

আহত হয়েছেন ২ জন। গতকাল বেলা সাড়ে ১০টার দিকে

সিলেট

**কামরানের সভায় হামলা আহত নার্সেস নেতা**

সিলেটে আওয়ামী লীগ প্রার্থী বদরউদ্দিন আহমেদ কামরানের মতবিনিময় সভায় হামলার ঘটনা ঘটেছে। এর একটু আগেই সভাস্থল ত্যাগ করেন বদরউদ্দিন

মিনারে আমরা সমাবেশ শুরু করার আগে আরও একটি গ্রুপ সেখানে সমাবেশ করে। তাদের সমাবেশ করার জন্য কোন অনুমতি ছিল বলে মনে হয় না।

ড. মো. আব্দুর রাজ্জাক খান বলেন, ছাত্রলীগ কর্তৃক লাঞ্ছনার শিকার হওয়ার পরেও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি আমাদের খোঁজ নেননি। উল্টো প্রক্টর আমাদের বিভিন্ন ব্লেম দিচ্ছেন। যারা আমাদের ওপর হামলা করেছে, তারা ছাত্রলীগের গু-া বাহিনী। তারা কোথায় পড়াশোনা করেছে, তা জানি না। তাদের ভাষা খুবই খারাপ। ছাত্রলীগ তাদের ঐতিহ্য জানে না। বিশ্ববিদ্যালয় প্রশাসনের ব্যবস্থা গ্রহণের অভাবে ছাত্রলীগ এতো বেপরোয়া হয়ে উঠেছে। যদি এখনই কিছু করা না যায়, তবে ছাত্রলীগের এমন গু-ামি থামানো যাবে না। ছাত্রলীগের কমিটি নেই বলে যারা ছাত্রলীগের ওপর হামলার দায় দিতে চান না তাদের উদ্দেশে তিনি বলেন, শাক দিয়ে মাছ ঢাকা যায় না।

ছাত্রলীগের হামলা ও শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদে ঢাবি শিক্ষার্থীদের মানববন্ধন : সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের হামলা ও শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদে মানববন্ধন করেছে ঢাবির বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা। মানববন্ধন থেকে তারা সন্ত্রাসমুক্ত নিরাপদ

ক্যাম্পাসের দাবি জানান। জানা যায়, গতকাল দুপুরে শিক্ষার্থী নিপীড়ন ও শিক্ষক লাঞ্ছনার বিচার চেয়ে বিশ^বিদ্যালয়ের মোকাররম ভবন এলাকায় মানববন্ধন করে বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগের দুই শতাধিক শিক্ষার্থী। মানববন্ধনে সফটওয়্যার ইঞ্জিনিয়ার বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী এসএম শাহরিয়ার বলেন, ঢাকা বিশ^বিদ্যালয় ক্যাম্পাসে সরকার দলীয় ছাত্র সংগঠন ছাত্রলীগ অস্থিতিশীল পরিবেশ তৈরি করেছে। তারা কোটা সংস্কার আন্দোলনকারী শিক্ষার্থীদের ওপর হামলা করেছে। এমনকি তারা শিক্ষকদের লাঞ্ছিত করতেও দ্বিধা করিনি। আমরা ক্যাম্পাসে অনিরাপদ বোধ করছি। আমরা আন্দোলনকারীদের ওপর হামলায় জড়িত ছাত্রলীগের নেতাদের বিচার চাই। একই সঙ্গে ক্যাম্পাসে নিরাপদ পরিবেশ আনার জন্য প্রশাসনের কাছে দাবি জানাই। ঢাবির এ শিক্ষার্থী অভিযোগ করেন, এই ঢাকা বিশ্ববিদ্যালয় দেশের গুরুত্বপূর্ণ আন্দোলনের জন্ম দিয়েছে। অথচ আজ যৌক্তিক আন্দোলন করতে গিয়ে এই ক্যাম্পাসে হামলা হচ্ছে। প্রায় এক ঘণ্টা মানববন্ধন শেষে বিক্ষোভ মিছিল করে শিক্ষার্থীরা। মিছিলটি কার্জন মোকাররম ভবন ঘুরে দোয়েল চত্বর হয়ে কার্জন হলে এসে শেষ হয়।

নিপীড়নবিরোধী শিক্ষার্থীদের স্মারকলিপি : শিক্ষক-

শিক্ষার্থীদের ওপর বারবার হামলাকারী চিহ্নিত সন্ত্রাসীদের বিচার ও জোর-জুলুম-সন্ত্রাসমুক্ত ভয়ভীতিহীন গণতান্ত্রিক নিরাপদ ক্যাম্পাসের দাবিতে ঢাকা বিশ^বিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বরাবর স্মারকলিপি প্রদান করেছেন নিপীড়নবিরোধী শিক্ষার্থীরা। স্মারকলিপিতে শিক্ষার্থীরা ক্যাম্পাসে কোটা সংস্কার আন্দোলনকারীদের ওপর হামলার ঘটনা তুলে ধরেন। তারা বলেন, গত ৩০ জুন কোটা সংস্কার আন্দোলনকারীরা সংবাদ সম্মেলন করতে এলে ছাত্রলীগ হামলা করে। এর প্রতিবাদ জানাতে গত ২ জুলাই বিক্ষোভ মিছিল করতে গেলেও ছাত্রলীগ তাদের হামলা করেছে। এছাড়া গত ১৫ জুলাই ছাত্রলীগের হামলার ঘটনার প্রতিবাদ জানাতে গিয়ে তারা আবারও শিক্ষক-শিক্ষার্থীদের ওপর হামলা করে।

এ সময় তারা বিশ্ববিদ্যালয়ে গণতান্ত্রিক, জোর-জুলুম মুক্ত, ভয়ভীতিহীন, দখলদারিত্বমুক্ত নিরাপদ শিক্ষার পরিবেশ তৈরির দাবি জানান। তাছাড়া, শিক্ষার্থীদের উপর নিপীড়নকারী চিহ্নিত সন্ত্রাসীদের বিরুদ্ধে দৃঢ় পদক্ষেপ নিয়ে বিশ্ববিদ্যালয়ে বর্তমানে সৃষ্টি হওয়া ভয়-ভীতি-নিরাপত্তাহীনতার পরিবেশ তৈরিরও দাবি করেন।

ঢাবি প্রক্টরকে অডিও বার্তা পাঠিয়ে প্রাণনাশের হুমকি :

গতকাল দুপুরে মোবাইলে অডিও বার্তা পাঠিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) প্রক্টর অধ্যাপক ড. একেএম গোলাম রব্বানীকে প্রাণনাশের হুমকি দেয়া হয়েছে। এ বিষয়ে ব্যবস্থা নিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শাহবাগ থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছে। যার নম্বর ৯৭১। বিশ্ববিদ্যালয়ের সিনিয়র সিকিউরিটি অফিসার কামরুল হাসান জিডিটি করেন। জিডির আবেদনে বলা হয়, দুপুর ১২টা ১১ মিনিটে বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর লিটন কুমার সাহার ব্যক্তিগত মোবাইলে একটি অডিও বার্তা পাঠানো হয়। যেখানে প্রক্টর অধ্যাপক ড. একেএম গোলাম রব্বানী ও ঢাকা বিশ্ববিদ্যালয়কে নিয়ে গালিগালাজ করা হয় এবং প্রক্টরকে প্রাণনাশের হুমকি দেয়া হয়। এতে প্রক্টর ও সহকারী প্রক্টরদের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার কথা বলা হয়।

এ বিষয়ে প্রক্টর অধ্যাপক ড. গোলাম রব্বানী সংবাদকে বলেন, সহকারী প্রক্টর লিটন কুমার সাহার ব্যক্তিগত মোবাইলে মেসেজের মাধ্যমে হত্যার হুমকি সম্বলিত একটি অডিও বার্তা পাঠানো হয়। সেখানে অশ্রাব্য ভাষায় গালাগাল দেয়া হয়েছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শাহবাগ থানায় জিডি করেছে। যে নাম্বার থেকে মেসেজ এসেছে সে নাম্বারের ৯ ডিজিটের সবগুলোই শূন্য বলে জানান

তিনি। এ বিষয়ে জানার জন্য শাহবাগ থানার ওসি আবুল হাসানকে ফোন দেয়া হলেও কলটি রিসিভ হয়নি।

স্বত্বাধিকার সংরক্ষিত